

প্রেস রিলিজ

তারিখ: ২৬ নভেম্বর ২০২৫

বাউবির ITVET-এর প্রতিষ্ঠাতা পরিচালক অধ্যাপক ড. আবুল হাসনাত  
মোহাঃ শামীম

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীমকে নিজ দায়িত্বের পাশাপাশি নব প্রতিষ্ঠিত Institute of Technical and Vocational Education and Training (ITVET)-এর প্রতিষ্ঠাতা পরিচালক হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। তিনি ২৪ নভেম্বর ২০২৫, সোমবার ইনস্টিটিউটটির পরিচালকের দায়িত্বভার গ্রহণ করেন। বর্তমানে তিনি বাউবির **ট্রেজারার** হিসেবেও দায়িত্ব পালন করছেন।

দায়িত্ব গ্রহণের পর অধ্যাপক শামীম বলেন, দেশের বিপুল সংখ্যক শিক্ষিত তরুণ দক্ষতার ঘাটতির কারণে বেকার হয়ে আছে, যা শিল্পখাতের বাস্তব চাহিদার সাথে বিদ্যমান শিক্ষাব্যবস্থার ব্যবধানকে স্পষ্ট করে। এ পরিস্থিতিতে প্রযুক্তিগত ও বৃত্তিমূলক শিক্ষা সম্প্রসারণ এখন জাতীয় অগ্রাধিকার। বাউবির ITVET জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি ও সরকারের TVET কর্মপরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে কর্মমুখী, দক্ষতা-ভিত্তিক প্রশিক্ষণ প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

তিনি আরও বলেন, ITVET-এর প্রধান লক্ষ্য হলো—যুবসমাজকে শিল্প-চাহিদাসম্পন্ন দক্ষতায় সজ্জিত করা, শিক্ষা থেকে কর্মসংস্থানে কার্যকর সংযোগ তৈরি করা এবং প্রান্তিক জনগোষ্ঠীসহ সকল শ্রেণির শিক্ষার্থীর জন্য সমান প্রশিক্ষণ সুযোগ নিশ্চিত করা। এর মাধ্যমে আন্তর্জাতিক মানসম্পন্ন দক্ষ মানবসম্পদ তৈরি হবে, যা দেশের কর্মসংস্থান ও সামগ্রিক অর্থনীতিকে আরও শক্তিশালী করবে।

নব প্রতিষ্ঠিত এই গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের দায়িত্ব প্রদান করায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন অধ্যাপক শামীম। তাঁর সততা, দক্ষতা ও অভিজ্ঞতার মাধ্যমে ITVET-কে দেশের দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানমুখী শিক্ষায় একটি অগ্রগণ্য প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করবেন বলে সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেছেন।



মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক  
যুগ্ম-পরিচালক  
মোবাইল: ০১৭১৪৫০৫৭৪৭